যুগান্তর

তারিখ ... 05 MAR 2011
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# শিক্ষার্থীরা সুশিক্ষিত হলেই দেশ এগিয়ে যাবে

## —— অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

শিক্ষায় এগিয়ে যাচ্ছে দেশ। এ ক্ষেত্রে সবার উচিত সরকারকে সহযোগিতা করা।
আর শিক্ষার্থীরা সুশিক্ষিত হলেই দেশ এগিয়ে যাবে। দেশ হবে আলোকিত। শনিবার
বেলা ১১টায় ঢাকার দোহার উপজেলার বিলাসপুর ইউনিয়ন পরিষদ চত্বরে
প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকারভিত্তিক প্রকল্প এলজিএসপি-২-এর অর্থায়নে
গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও সেবা কর্মসূচির আওতায় দুস্থ-অসহায় নারীদের
সেলাই মেশিন ও প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ
বিতরণকালে সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম
এমপি এ কথা বলেন।

বিলাসপুর ইউপি চেয়ারম্যান আলাউদ্দিন মোল্লার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে
সংসদ সদস্য সালমা ইসলাম বলেন, আজকের ছোট শিশুরা একদিন বড় হয়ে
লেখাপড়া শিখে এ সমাজ ও দেশের উন্নয়নে কাজ করবে। দেশকে এগিয়ে নিয়ে
যাবে উন্নতির শিখরে। আমি শিক্ষকদের বলব, আপনারা মানুষ গড়ার কারিগর।
আপনাদের ওপর নির্ভর করছে জাতির আগামী দিনের ভবিষ্যৎ। তাই শিক্ষক ও
অভিভাবকদের উচিত শিক্ষার্থীদের এখন থেকেই সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে
তোলার সার্বিক চেষ্টা করা। তবেই একদিন আলোকিত বাংলাদেশ গড়ে উঠবে।
তখন আর আমাদের পেছনে ফিরে তাকাতে হবে না। অনুষ্ঠানে দোহার উপজেলা
চেয়ারম্যান আলমগীর হোসেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা আল আমিন মিরাজ,
প্রকৌশলী সুশীল কুমার সরকার, ওসি সিরাজুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন।

বিকালে সংসদ সদস্য সালমা ইসলাম দোহারের সুতারপাড়া ইউনিয়নের মধুরচর
আশ্রয়ণ প্রকল্পের মাঠে জাতীয় পার্টি আয়োজিত কর্মিসভা ও যোগদান অনুষ্ঠানে
বলেন, জাতীয় পার্টি ছিল উন্নয়নবান্ধব ও জনকল্যাণমূলক সরকার। তাই আজ
দোহার-নবাবগঞ্জের মানুষ আমাকে ভোট দিয়েছে। আমি তাদের সেবা করতে চাই।
আপনারা আগামী দিনের জন্য প্রস্তুত হোন। নির্বাচন খুব কাছাকাছি। দোহারের
জনগণ আমার পাশে থাকলে কোনো চাহিদাই অপূরণ থাকবে না। অনুষ্ঠানে
সুতারপাড়া ও বিলাসপুরের নারী-পুরুষসহ দুই শতাধিক ব্যক্তি জাতীয় পার্টিতে
যোগ দেন। এতে সভাপতিত্ব করেন ডা. মাসুদুর রহমান।

কর্মিসভায় উপস্থিত ছিলেন নবাবগঞ্জ উপজেলা জাতীয় পার্টির সদস্য সচিব শরফুদ্দিন
আহমেদ শরীফ, যুগ্ম আহ্বায়ক হুমায়ন কবির, ঢাকা জেলা যুগ্ম সাধারণ সম্পাদক
জুয়েল আহমেদ, দোহারের যুগ্ম আহ্বায়ক ডা. আলাউদ্দিন আল আজাদ, আবদুল
আলীম, আফজাল শিকদার, বশির আহমেদ, ইয়াকুব মাতবর, লোকমান হোসেন,
আবদুল হাকিম, শহীদুল ইসলাম, বাবুল হোসেন, নারী নেত্রী আসমা আক্তার রুমি,
তাজনিনা আহমেদ, ছাত্রসমাজের মিলন খান, জুবায়ের হোসেন, নজরুল ইসলাম,
মনির হোসেন, মাহবুব হোসেন, মো. রাসেল, আনোয়ার, শহীদ, শামীম, হুমায়ন,
হেনা খান, আনোয়ার হোসেন, নজরুল, আলমগীর, মবজেল, আমীর মোল্লা,
এসহাক বেপারি, মজিদ দেওয়ান, আলেয়া, জহির বেপারি, হাশেম ফকির, মহাদেব,
শফি মোল্লা, সাগর মোল্লা, দুলু, করিম, হায়দার, নুরু, সমির প্রমুখ।